

## ব্রিস্টল এবং সাউথ গ্লোস্টারশায়ার এর আগ্রয় প্রার্থীদের (এসাইলাম সীকারদের) জন্য সহায়তা

এই তথ্য আরবী, সোমালি, কুর্দি-সোরানি, পশতু, ফারসি, উর্দু, আলবেনীয়, বাংলা, ফরাসী, ম্যান্ডারিন এবং ভিয়েতনামীতে অনুবাদ করা হবে। অনুবাদ এখানে পাবেন:

<https://www.bristolrefugeerights.org/how-we-help/i-need-help-i-start/>

বা নীচে তালিকাভুক্ত ব্রিস্টল এর সংস্থাগুলি থেকে পাওয়া যাবে।

ব্রিস্টলের পরিষেবাগুলি (সার্ভিসগুলি) পরিবর্তন হয়েছে করোনাভাইরাসের কারণে, যা কোভিড-১৯ নামক রোগের কারণ।

যদি আপনি অসুস্থ বোধ করেন বা কোভিড-১৯ এর লক্ষণ রয়েছে বলে মনে করেন তবে আপনার জিপি বা ফার্মাসিতে যাবেন না, কারণ এতে ভাইরাস ছড়িয়ে যাওয়ার সম্ভাবনা বেশি।

পরিবর্তে, ১১১ নম্বরে কল করুন। আপনি অনুবাদকের জন্য অনুরোধ করতে পারেন। অথবা এখানে যান: <https://111.nhs.uk/>

করোনাভাইরাস সম্পর্কে অনুবাদিত তথ্য এখানে পাবেন:

<https://www.doctorsoftheworld.org.uk/coronavirus-information/#>

এই সমস্যার সময় আমাদের কী করা উচিত সে সম্পর্কে সরকারী নিয়ম এবং এনএইচএসএসের পরামর্শ এখানে রয়েছে:

<https://www.gov.uk/coronavirus>

<https://www.nhs.uk/conditions/coronavirus-covid-19/>

## ব্রিস্টল আগ্রয় সহায়তা পরিষেবা (এসাইলাম সাপোর্ট সার্ভিসেস)

এবিসি, বর্ডারল্যান্ডস, ব্রিস্টল হসপিটালিটি নেটওয়ার্ক, ব্রিস্টল রেফুজী রাইটস, রেড ক্রস, এবং রেফুজী ওমেন অফ ব্রিস্টল, এ সমস্ত ড্রপ-ইন এবং মুখোমুখি পরিষেবাগুলি আবার খোলা নিরাপদ না হওয়া পর্যন্ত বন্ধ রয়েছে।

পরিষেবাগুলি ফোন, মেসেজ এবং ইমেলের মাধ্যমে আপনাকে সহায়তা করার চেষ্টা করবে। পরিস্থিতি খুব দ্রুত পরিবর্তিত হওয়ায় আমরা আমাদের ওয়েবসাইট বা ফেসবুক পৃষ্ঠাগুলিতে আপডেট (হালনাগাদ) করব।

সলিডারিটি / ডেস্টিটিউশন সহায়তা এখনকার মতো চলবে: আমরা সামনাসামনি না বসে সেবা সরবরাহ করার উপায়গুলি খুঁজতে একসাথে কাজ করছি।



বর্ডারল্যান্ডস <https://www.borderlands.uk.com/>

টেক্সট বা ফোন 07713 695 845 আপনার নাম ও ফোন নাম্বার দিন।

আমাদের মেন্টরিং সাপোর্ট (পরামর্শদাতা সমর্থন) ফোন এবং সোশ্যাল মিডিয়া দ্বারা দেওয়া হবে।



এইড বক্স কমিউনিটি <https://www.aidboxcommunity.co.uk/>

ফোন 0117 336 8441

এইড বক্স সংযোগগুলি আপনাকে একজন এবিসি দলের সদস্যের সাথে যোগাযোগ করিয়ে দিতে পারে, যিনি নিয়মিত যোগাযোগ রাখবেন।

জরুরী পরিস্থিতিতে আমরা বাস্তব সহায়তায় আপনাকে সাহায্য করার চেষ্টা করব। এটি হতে পারে খাবারের প্যাকেজ, টয়লেট সামগ্রী বা প্রেসক্রিপশন সংগ্রহ।

আপনার পক্ষে কোনও রেফারেল ফর্ম পূরণ করে যে কোনও সংস্থা আপনাকে এই পরিষেবাদিতে পাঠাতে পারে। ফর্মটি এখানে রয়েছে <https://www.aidboxcommunity.co.uk/covid-19response>



ব্রিস্টল হসপিটালিটি নেটওয়ার্ক <https://www.bhn.org.uk/>

ফোন, টেক্সট বা হোয়াটস আপ করুন এ নাম্বারে 07561 391 353 বা 07934 341 391

কোনও উত্তর না পেলে আপনার নাম এবং ফোন নম্বর সহ একটি বার্তা রাখুন।

আমরা আপনাকে কল করব।

সহায়তা দলের ইমেল [elinor@bhn.org.uk](mailto:elinor@bhn.org.uk)

আমরা নতুন হোস্টিং রেফারেল এর জন্য বন্ধ। বর্তমান সদস্য এবং হোস্টদের সমর্থন (সাপোর্ট) চালু থাকবে।



**ব্রিস্টল রেফুজী রাইটস**

<https://www.bristolrefugeerights.org/>

এডভাইস সার্ভিস - ফোন, টেক্সট বা হোয়াটস আপ করুন এ নাম্বারে 07526 352 353

ইমেইল: [advice@bristolrefugeerights.org](mailto:advice@bristolrefugeerights.org)

এসাইলাম সাপোর্ট বা আশ্রয় সহায়তা (হোম অফিসের টাকা এবং আবাসন), আশ্রয় ও আশ্রয় প্রক্রিয়া দাবি করার বর্তমান পরিবর্তন এবং গৃহহীনতা এবং অন্যান্য পরিষেবাদের জন্য আমরা পরামর্শ এবং সহায়তা করতে পারি।

আমরা সোমবার থেকে শুক্রবার পর্যন্ত প্রতিদিন খোলা থাকার চেষ্টা করব।

কোনও উত্তর না পেলে আপনার নাম এবং ফোন নম্বর সহ একটি বার্তা রাখুন। আমরা আপনাকে কল করব।

আমরা একজন দোভাষী জোগাড় করতে পারি। আমাদেরকে আপনার ভাষা কি তা বলুন।

সাধারণ অনুসন্ধান এবং তথ্য 07846 332 172

### রেড ক্রস রেফুজী সাপোর্ট

<https://www.redcross.org.uk/get-help/get-help-as-a-refugee>

ফোন, টেক্সট বা হোয়াটস আপ করুন এ নাম্বারে 07739 863 036 / ইমেইল [refugeeservicebristol@redcross.org.uk](mailto:refugeeservicebristol@redcross.org.uk)

আমরা সপ্তাহের প্রতিটি দিন খোলা থাকার চেষ্টা করব। যদি কোনও উত্তর না পান তবে একটি বার্তা রাখুন বা আমাদের কাছে লিখুন এবং একজন কেস ওয়ার্কার আপনার সাথে যোগাযোগ করবেন।

আপনার নাম বা আপনি যার পক্ষ থেকে কল করছেন, তার টেলিফোন নম্বর এবং কল করার কারণ আমাদের বলুন।



**রেফুজী ওমেন অফ ব্রিস্টল**

ফোন 0784 578 9482 / ইমেইল [info@refugeewomenofbristol.org.uk](mailto:info@refugeewomenofbristol.org.uk)

আমরা ঘরোয়া সহিংসতার শিকার মহিলাদের জন্য মানসিক সমর্থন দিচ্ছি এবং নেস্টল লিঙ্কের সাথে যোগাযোগ সরবরাহ করছি; সরকার এবং এনএইচএস থেকে আপ টু ডেট (সর্বশেষ) তথ্য অনুবাদ; আমাদের সদস্যদের জন্য চিকিৎসা সুবিধা পাওয়ার ব্যবস্থা করি। আমরা যারা আরও বিচ্ছিন্ন তাদের সমর্থন করার জন্য যেসব মহিলারা বেশী প্রতিষ্ঠিত তাদের সাথে কাজ করছি।



**প্রজেক্ট মামা**

<https://projectmama.org/>

প্রয়োজনে নতুন মায়েদের কাছে ন্যাপি, যদি পাওয়া যায়, তা সরবরাহ করা। আপনার জন্য একটি রেফারেল ফর্ম পূরণ করে যেকোনও সংস্থা আপনাকে এখানে পাঠাতে পারে। ফর্মটি এখানে রয়েছে [Project MAMA Covid 19 response Nappy & Essential Items request form](#)